

## সভা নং- ১১

সভাপতি : মোঃ শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার তারিখ : ১২/০৮/২০২১ খ্রিঃ ।

সময়ঃ-১১.০০ টা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জাহানারা, মহিলা ভাইস চেয়ারম্যান -	স্বাক্ষরিত
০২।	তারিকুল ইসলাম, চেয়ারম্যান, কাকড়াডাঙ্গা, ইউ, পি	স্বাক্ষরিত
০৩।	আব্দুল মান্নান, চেয়ারম্যান, গজারিয়া ইউ, পি	স্বাক্ষরিত
০৪।	মোঃ শাহ আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সদস্য সচিব)-	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহ :

- (ক) যুব প্রশিক্ষণ বিষয়ক আলোচনা
- (খ) যুব ঋণ ও খেলাপী ঋণ
- (গ) নতুন প্রকল্প গ্রহণ
- (ঘ) বিবিধ আলোচনা ।

অদ্য ১২/০৮/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে গুনান, কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহিত হয় । অতঃপর অধ্যকার সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পর্যায়ক্রমে নিম্নলিখিত ভাবে উপস্থাপন করেন । আলোচনান্তে সিদান্ত গৃহিত হয় ।

( ১) যুব প্রশিক্ষণ :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, কোভিড-১৯ এর কারণে আপাতত প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে । তবে প্রধান কার্যালয় হতে প্রশিক্ষণ মডিউলে নির্ধারন করা হয়েছে ৪২০ জন বেকার যুবদের প্রশিক্ষণ দেয়ার । আগামী সেপ্টেম্বর মাসের ৩য় সপ্তাহে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে ।

সিদ্ধান্ত ৪-২০২১-২২ অর্থ বছরের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অর্জন করা তবে প্রকৃত বেকার যুবরা যাতে প্রশিক্ষণ পায় সেদিকে লক্ষ্য রেখে প্রশিক্ষণ পরিচালনার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) যুব ঋণ ও খেলাপী ঋণের আলোচনা ৪- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে (২০২০-২০২১) অর্থ বছরে মোট ৪৯,৩০,০০০/=( উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার ) টাকা যুব দের ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। আগামী ১৫ আগষ্ট শোক দিবস উপলক্ষ্যে ৫,৯০,০০০ টাকা ১৩ জনকে বিতরণ করা সম্ভব হবে। কোভিড-১৯ এর কারণে খেলাপী ঋণ বৃদ্ধি পেয়েছে। কিন্তু কোন ক্রমেই খেলাপী টাকাগুলো আদায় করা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ সহ খেলাপী আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ৪- সরকারের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) নতুন প্রকল্প গ্রহন আলোচনা ৪- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, সখিপুর উপজেলায় অনেক শিক্ষিত বেকার যুব চাকুরি না পেয়ে হতাশায় ভুগছে এবং বিভিন্ন অসামাজিক অপকর্মে লিপ্ত হচ্ছে। তাদেরকে আমরা সরকারের সীমাবদ্ধতার কারণে প্রশিক্ষণ দেওয়া বা আর্থিকভাবে সহযোগিতা করা সম্ভব হচ্ছে না। ফলে বেকার যুবদের একটা বিশাল অংশ বেকার অবস্থায় জীবনকে ধ্বংসের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। যদি তাদেরকে জাইকার আর্থিক সহায়তায় বা উপজেলা পরিষদের অন্য কোন আর্থিক তহবিল হতে আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যায় তবে তাদের ধ্বংসের পথ ফিরিয়ে আনা সম্ভব।

সিদ্ধান্ত ৫- বিশাল শিক্ষিত বেকার যুবদেরকে জাইকার আর্থিক সহায়তায় বা উপজেলা পরিষদের অন্য কোন আর্থিক তহবিল হতে আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং যুব মহিলাদের বিউটি ফিকেশন প্রশিক্ষণ দিয়ে সভাদেরকে ধ্বংসের পথ থেকে ফিরিয়ে এনে আত্মকর্মী হিসেবে গড়ে তোলার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় উক্ত প্রস্তাব উপজেলা ভাইস চেয়ারম্যানের মাধ্যমে উপস্থাপন করার জন্য অনুরোধ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সন্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।




সভাপতি  
যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি  
ও  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
সখিপুর, টাংগাইল।

স্মারক নং-যুউঅ/সখি/যুউক/(অংশ-৩)/০২-  
খ্রিঃ

তারিখঃ ১২/০৮/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪।.....সদস্য(সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।

  
(মোঃ শাহ আলম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
সখিপুর, টাঙ্গাইল।